

নং-২৪.০২.০০০০.০০৩.১৮.০২১.১৭- ১৩৩৩

তারিখঃ ০২ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ।  
১৭ জুলাই ২০১৭ খ্রিষ্টাব্দ।


### বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ধীন বস্ত্র পরিদপ্তর পরিচালিত ও বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত বঙ্গাবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাঙ্গাইলে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কোর্সে ১ম বর্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী সকল পরীক্ষার্থীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কেন্দ্রীয় ভর্তি কমিটি কর্তৃক ফলাফল যাচাই পূর্বক ২য় মেধা তালিকায় ভর্তি যোগ্য প্রার্থীর রোল নং নিম্নে প্রকাশ করা হলো।

রোল নং	মেধাক্রম
৩৫৯	১২১
২৬০	১২২

#### ভর্তি যোগ্য প্রার্থীদের জন্য তথ্যাবলী :


- ভর্তির সময় এসএসসি ও ডিপ্লোমা পরীক্ষার মূল ট্রান্সক্রিপ্ট অবশ্যই জমা দিতে হবে। মূল ট্রান্সক্রিপ্ট ছাড়া কাউকেই ভর্তি করা হবে না। এটি কোর্স সমাপ্ত না হওয়া পর্যন্ত প্রতিষ্ঠানে জমা থাকবে।
  - ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ১(এক) কপি পাসপোর্ট সাইজ ও সত্যায়িত বিহীন ২(দুই) কপি পাসপোর্ট সাইজ ছবি জমা দিতে হবে।
  - মেধা তালিকা হতে ২৩/০৭/২০১৭ হতে ২৫/০৭/২০১৭ তারিখ পর্যন্ত সকাল ৯:০০ টা হতে বেলা ২:০০ টা পর্যন্ত প্রতিষ্ঠানের রেজিস্ট্রার সেকশনে ভর্তি হতে হবে।
  - ভর্তির জন্য ১৫,৫০০/- (পনের হাজার পাঁচ শত) টাকা জমা দিয়ে রশিদ প্রদর্শন পূর্বক রেজিস্ট্রারের নিকট হতে ভর্তির ফরম ও অঙ্গীকারনামা সংগ্রহ করে যথাযথ ভাবে পূরণ করে রেজিস্ট্রার/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।
  - ভর্তির জন্য প্রতিষ্ঠান মনোনীত নির্ধারিত ডাক্তার কর্তৃক স্বাস্থ্য সনদ জমা দিতে হবে।
  - সংরক্ষিত কোটার ক্ষেত্রে যে সকল অতিরিক্ত কাগজপত্র জমা দিতে হবেঃ
    - মুক্তিযোদ্ধার সন্তানের এর ক্ষেত্রে : মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত সনদ পত্রের মূল কপি প্রদর্শন পূর্বক এর ফটোকপি প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক সত্যায়িত করে জমা দিতে হবে।
    - মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান ক্ষেত্রে : ক-এ বর্ণিত সনদপত্র ছাড়াও মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, পৌরসভা, সিটি করপোরেশনের কমিশনার/মেয়র কর্তৃক প্রদত্ত মূল সনদপত্র।
    - উপ-জাতীয় প্রার্থীদের ক্ষেত্রে : রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, পার্বত্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজার/জেলা প্রশাসকের ও অন্যান্য জেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকের নিকট হতে উপ-জাতীয় সনদপত্রের মূল কপি জমা দিতে হবে। অন্যথায় ভর্তি হওয়া যাবে না।
  - আসন শূন্য থাকলে পরবর্তীতে অপেক্ষামান তালিকা হতে মেধা ভিত্তিক যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ করা হবে।
- বিঃ দ্রঃ ভর্তির ফলাফল প্রকাশে কোন প্রকার ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের বিষয়ে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
মোহাম্মদ হোসাইন  
(অতিরিক্ত সচিব)  
পরিচালক  
বস্ত্র পরিদপ্তর, ঢাকা।

ও  
আহবায়ক, কেন্দ্রীয় ভর্তি কমিটি।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। প্রফেসর ড. মোঃ মশিউর রহমান খান  
ডীন  
ফ্যাকাল্টি অব ফ্যাশন ডিজাইন এন্ড এ্যাপারেল ইঞ্জিনিয়ারিং, বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়।
- ২। জনাব বেবী পারভীন  
উপ-সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। ইঞ্জিঃ মোঃ মহিবুল ইসলাম  
অধ্যক্ষ, বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাংগাইল।
- ৪। জনাব মোঃ আব্দুল মজিদ  
সহযোগী অধ্যাপক (কারিগরি), বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাংগাইল।
- ৫। জনাব মোঃ কবির হোসেন পাটোয়ারী  
সহকারী অধ্যাপক (ইলেকট্রিক্যাল), বঙ্গবন্ধু টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, কালিহাতী, টাংগাইল।



(মোঃ সাইফুর রহমান)  
উপ-পরিচালক (এমআই)  
বস্ত্র পরিদপ্তর ঢাকা

ও  
সদস্য-সচিব, কেন্দ্রীয় ভর্তি কমিটি।